

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 24 June, 2025

মঙ্গলবার (২৪ জুন) রাজধানীর উত্তরার আজমপুর বাসস্ত্যান্ড সংলগ্ন আমির কমপ্লেক্সে বিএনপির ৩১ দফা প্রচার ও লিফলেট বিতরণ কার্যক্রমে বক্তব্য রাখেন দলটির ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টু।

তিনি বলেন, নির্বাচন বানচাল করতে সংস্কার ও বিচার ইস্যুতে অযথা সময়ক্ষেপণ করা হচ্ছে, অথচ এসব কাজ নির্বাচনের পরেও সম্ভব।

“সংস্কার একটি চলমান প্রক্রিয়া। দেশের উন্নয়নের স্বার্থে সব সময় সংস্কার দরকার। বিচারও করতে হবে, তবে এজন্য নির্বাচন বিলম্ব করা যাবে না।”

নির্বাচিত সরকার ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন সম্ভব নয় উল্লেখ করে তিনি বলেন, “তাই সময়মতো নির্বাচন দিয়ে দেশের জনগণের প্রত্যাশা পূরণ করা উচিত।”

মব জাস্টিস প্রসঙ্গে মিন্টু বলেন, “নির্বাচিত সরকার না থাকতেই দেশে মব জাস্টিস হচ্ছে। যারা এতে জড়িত, তাদের আইনের আওতায় আনা হোক। মব জাস্টিস কোনোভাবেই কাম্য নয়।”

মব জাস্টিস | ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টু | বিএনপি

